রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৫, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ সচিবালয়**

**সংস্থাপন বিভাগ**

**বাস্তবায়ন কোষ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১লা সেপ্টেম্বর, ১৯৮০**

নং এস, আর, ও ৩১০-এল/৮০/ইন্ডি(আইসি)এস২-৬/৮০-১০১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, সংবিধানের ১৪০ অনুচ্ছেদের (২) দফার বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন:—

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই বিধিমালা "বাংলাদেশ সিভিল সার্ভিস (পশুপালন) গঠন ও ক্যাডার বিধিমালা, ১৯৮০" নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "ক্যাডার পদ" অর্থ তফসিলে অন্তর্ভুক্ত পদ ;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(গ) "শিক্ষানবিস" অর্থ ক্যাডার পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল; এবং

(ঙ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (পশুপালন)।


মূল্য: ৩০ পয়সা

৩। **সার্ভিস গঠন।**—(১) বাংলাদেশ সিভিল সার্ভিস (পশুপালন) নামে একটি সার্ভিস গঠিত হইবে।

(২) এই সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে,—

(ক) সেই সকল ব্যক্তি যাহারা ১৯৭১ সালের ২৫শে মার্চ তারিখে কিংবা তৎপূর্ববর্তীকালে, তদানীন্তন পূর্ব পাকিস্তান ঊর্ধতন পশুপালন সার্ভিসের সদস্য ছিলেন ;

(খ) যাহারা, স্বাধীনতার পর বিলুপ্ত বলিয়া গণ্য না হইলে সার্ভিস ক্যাডারের অন্তর্ভুক্ত হইত এইরূপ পদে, তদানীন্তন পূর্ব পাকিস্তান সরকারী কর্মকমিশন বা বাংলাদেশ সরকারী (প্রথম) কর্মকমিশন বা বাংলাদেশ সরকারী (দ্বিতীয়) কর্মকমিশন অথবা কমিশন-এর কিংবা, ক্ষেত্রমত, ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর হইতে ১৯৭২ সালের ৭ই এপ্রিল তারিখের মধ্যে, অথবা যে মেয়াদের জন্য উক্ত পদসমূহ উপরি-উক্ত যে কোন কমিশনের আওতা-বহির্ভূত করা হইয়াছিল সেই মেয়াদের মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশক্রমে ১৯৭১ সালের ২৬শে মার্চ তারিখে বা তৎপরবর্তীকালে, নিয়মিত ভিত্তিতে নিযুক্ত হইয়াছিলেন এবং যাহাদের চাকুরীর শর্তাবলী যে কোন সাবেক ক্যাডার সার্ভিসের বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হয়; এবং

(গ) যাহারা এই বিধিমালা অনুযায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

৪। **ক্যাডারে অন্তর্ভুক্ত পদসমূহ।**—(১) তফসিলে উল্লিখিত পদসমূহ সার্ভিস ক্যাডারের অন্তর্ভুক্ত হইবে।

(২) তফসিলে উল্লিখিত সংখ্যক পদ হইবে সার্ভিস ক্যাডারের প্রারম্ভিক পদের সংখ্যা, এবং সরকার অর্থ মন্ত্রণালয় ও সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এই ক্যাডারের পদের সংখ্যা পরিবর্তন করিতে পারিবে।

৫। **নিয়োগকারী কর্তৃপক্ষ।**—রাষ্ট্রপতি অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন অফিসার কর্তৃক সার্ভিসে নিয়োগদান করা হইবে।

৬। **নিয়োগ পদ্ধতি।**—(১) এই সার্ভিস প্রারম্ভিকভাবে ৩(২)(ক) এবং (খ) বিধির আওতাধীন ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে এবং উহার পর—

(ক) কমিশনের সুপারিশক্রমে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) কমিশনের সুপারিশক্রমে নিয়োগ বিধিতে কোন বিধান থাকিলে তদনুযায়ী 'ফিডার' পদ হইতে পদোন্নতির মাধ্যমে।

(২) সার্ভিসের কোন সদস্যকে সংশোধিত নূতন স্কেলের টাকা ২৮০০—৪৪২৫ বেতন স্কেলের কোন পদে পদোন্নতিদান করা হইবে না, যদি তিনি কমিশন কর্তৃক পরিচালিত পরীক্ষায় উত্তীর্ণ এবং বিশেষ পদোন্নতি কমিটির মতে পদোন্নতির জন্য উপযুক্ত না হইয়া থাকেন।

(৩) সার্ভিসের কোন সদস্যকে সংশোধিত নূতন স্কেলের টাকা ২৮০০—৪৪২৫ স্কেলে বেতন প্রদান করা যাইবে না, যদি ঐ সার্ভিসে তাহার চাকুরীকাল পাঁচ বৎসর পূর্ণ না হইয়া থাকে, এবং সার্ভিসে মঞ্জুরীকৃত ক্যাডার পদ না থাকে।

(৪) সার্ভিসের যে সকল সদস্য সংশোধিত নূতন স্কেলে টাকা ৩৭০০—৪৮২৫, টাকা ৪২০০—৫২৫০ এবং টাকা ৪৭৫০—৫৫০০ বেতন স্কেলের কোন পদে পদোন্নতি পাইয়াছেন তাহাদিগকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্স সফলতার সহিত সমাপ্ত করিতে হইবে।

৭। **যোগ্যতা।**—সার্ভিসে নিয়োগের জন্য ন্যূনতম যোগ্যতা ও অন্যান্য শর্ত, নিয়োগ বিধিতে নির্ধারিত যোগ্যতা ও শর্তের অনুরূপ হইবে।

৮। **শিক্ষানবিস ও স্থায়ীকরণ।**—সার্ভিসে বাস্তব শূন্য পদে প্রারম্ভিকভাবে নিযুক্ত ব্যক্তির শিক্ষানবিসির মেয়াদ হইবে—

(ক) দুই বৎসর, যদি তিনি কমিশনের সুপারিশক্রমে সার্ভিসে সরাসরিভাবে নিযুক্ত হইয়া থাকেন; এবং

(খ) এক বৎসর, যদি তিনি পদোন্নতির মাধ্যমে নিযুক্ত হইয়া থাকেন।

সরকার শিক্ষানবিসির মেয়াদ অনধিক আরও দুই বৎসর পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

ব্যাখ্যা—শিক্ষানবিসির মেয়াদ সমাপ্তির পরবর্তী দিবসের মধ্যে যদি কোন আদেশ জারী না করা হয়, তাহা হইলে শিক্ষানবিসির মেয়াদ বর্ধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) শিক্ষানবিস হিসাবে চাকুরীতে নিযুক্ত ব্যক্তিকে শিক্ষানবিসির মেয়াদের মধ্যে সরকার কর্তৃক নির্ধারিত শর্তানুসারে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদে কোন শিক্ষানবিস সার্ভিসে থাকার অনুপযুক্ত বলিয়া প্রমাণিত হইলে, কমিশনের সহিত পরামর্শ ব্যতীতই তাহার নিয়োগের অবসান করা যাইবে।

(৪) কোন ব্যক্তিকে সার্ভিসে স্থায়ী করা হইবে না, যদি তিনি তাহার শিক্ষানবিসির নির্ধারিত মেয়াদ শেষ হওয়া পর্যন্ত চাকুরী না করিয়া থাকেন, সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ সফলতার সহিত সমাপ্ত ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হইয়া থাকেন এবং তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক বলিয়া প্রতীয়মান না হইয়া থাকে।

৯। **জ্যেষ্ঠতা।**—চাকুরীতে প্রবেশের পর্যায়ে সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতা, সার্ভিসে নিয়োগের জন্য কমিশনের সুপারিশপত্রে স্থিরিকৃত মেধাক্রম অনুসারে নির্ধারিত হইবে।

১০। **সাধারণ বিধি।**—যে সকল বিষয়ে এই বিধিমালায় স্পষ্টরূপে কোন বিধান করা হয় নাই, সেই সকল বিষয়ে সার্ভিসের সদস্যগণ সেই বিধিমালা দ্বারা পরিচালিত হইবেন যাহা সরকার কর্তৃক প্রণীত হইয়াছে বা অতঃপর প্রণীত হইতে পারে, এবং তাহাদের প্রতি প্রযোজ্য হইয়াছে বা হইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফয়েজ উদ্দিন আহমেদ

সচিব।

*তফসিল

(বিধি ৪ দ্রষ্টব্য)

| ক্রমিক নং | পদের শ্রেণী | পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | পরিচালক, পশুপালন সার্ভিস | ১ |
| ২ | অতিরিক্ত পরিচালক, পশুপালন সার্ভিস | ৪ |
| ৩ | উপ-পরিচালক/কিউরেটর (চিড়িয়াখানা)/অধ্যক্ষ, পশুচিকিৎসা প্রশিক্ষণ ইনস্টিটিউট/মুখ্য বৈজ্ঞানিক অফিসার/প্রধান পশুচিকিৎসা অফিসার | ৩৫ |
| ৪ | সহকারী পরিচালক/ডেপুটি কিউরেটর/সিনিয়র বৈজ্ঞানিক অফিসার/সহকারী অধ্যাপক/পশুচিকিৎসা অফিসার/পশুসম্পদ পরিসংখ্যান অফিসার/গবাদি অর্থনীতিবিদ/গো-শালা অফিসার/গবাদি অফিসার/খামার তত্ত্বাবধায়ক/হাঁসমুরগী সম্প্রসারণ অফিসার/হাঁসমুরগী পুষ্টি-বিদ/হাঁসমুরগী প্রজননবিদ/জেলা পশুপালন অফিসার | ১৫৮ |
| ৫ | ব্যবস্থাপক, হাঁস-মুরগী খামার | ১২ |
| ৬ | উপজেলা পশুপালন অফিসার/পশুচিকিৎসা সার্জন/পশুচিকিৎসা সহকারী সার্জন/পশু-উৎপাদন অফিসার/সহকারী হাঁস-মুরগী সম্প্রসারণ অফিসার/হাঁস-মুরগী উন্নয়ন অফিসার/ভারপ্রাপ্ত অফিসার (চিড়িয়াখানা-জাদুঘর)/পশু-পুষ্টি অফিসার/চিড়িয়াখানা অফিসার/বৈজ্ঞানিক অফিসার/প্রচার অফিসার/ভাণ্ডার অফিসার/প্রভাষক পশুচিকিৎসা প্রশিক্ষণ ইনস্টিটিউট। | ১,০০০ |
| | সর্বমোট .. | ১,২১০ |

*এস, আর, ও ৪৮৯-এল/৮৪/এমই(আইসি)এস-২-৬/৮৪, তাং ১২-১১-১৯৮৪ দ্বারা প্রতিস্থাপিত।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ডি, এস, ইউসুফ হায়দার**
অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
**কর্তৃক প্রকাশিত।**